ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১১৩২
আগরতলা,৬ সেপ্টেম্বর,২০২৪

**বিধানসভা সংবাদ**

## মুখ্যমন্ত্রী উন্নত গোধন প্রকল্পে রাজ্যে ৪৫,২১৩টি সংকর প্রজাতির স্ত্রী বাছুরের জন্ম : প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী

মুখ্যমন্ত্রী উন্নত গোধন প্রকল্পে এখন অব্দি রাজ্যে মোট ২,৪৪,৮৪৬টি কৃত্রিম গোপ্রজনন করা হয়েছে। এরফলে রাজ্যে ৪৫,২১৩টি সংকর প্রজাতির স্ত্রী বাছুরের জন্ম হয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক নয়ন সরকারের এক প্রশ্নের লিখিত উত্তরে প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস এতথ্য জানিয়েছেন। তিনি জানান, ২০২০ সালের ২৮ অক্টোবর এই প্রকল্পটি রাজ্যে চালু হয়। এই প্রকল্পে এখন পর্যন্ত ৩৩২.৮০২৭৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এই প্রকল্পে লিঙ্গ নির্ধারিত হিমায়িত গো-বীর্য দ্বারা কৃত্রিম প্রজনন করা হয়ে থাকে।

বিধায়ক নয়ন সরকারের অন্য এক প্রশ্নের লিখিত উত্তরে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস জানান, ন্যাশনাল প্রোগ্রাম ফর ডেয়ারি ডেভেলপমেন্ট প্রকল্পে গত তিনটি অর্থবছরে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৬০৪.১৪ লক্ষ টাকা পাওয়া গেছে। এই অর্থ দিয়ে দৈনিক ৪০ হাজার লিটার উৎপাদন ক্ষমতা সম্পন্ন দুগ্ধ কারখানা গৃহ নির্মাণ, মিল্ক প্রোডাক্টস তৈরি করার বিভিন্ন যন্ত্রপাতি ক্রয় এবং স্থাপনের কাজ চলছে। এই প্রকল্পে এখন পর্যন্ত রাজ্যের ৬,১৮৪ জন দুগ্ধ উৎপাদক উপকৃত হয়েছেন।

*****